

যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের আওতায় সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তরের ব্যবস্থাপনায় বিভিন্ন শ্রেণীর মোট প্রায় ২১,৫৭১ কিলোমিটার সড়ক রয়েছে। তন্মধ্যে জাতীয় মহাসড়ক ৩,৫৭০ কিলোমিটার, আঞ্চলিক মহাসড়ক ৪,৩২৩ কিলোমিটার এবং জেলা সড়ক ১৩,৬৭৮ কিলোমিটার। এছাড়া সওজ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সড়ক নেটওয়ার্কে বিভিন্ন প্রকারের ৪,৫০৭টি সেতু এবং ১৩,৭৫১টি কালভার্ট রয়েছে। সরকারের একটি অন্যতম সেবা প্রদানকারী সংস্থা হিসেবে সড়ক ও জনপথ অধিদপ্তর সমগ্র দেশে জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের সমন্বয়ে গঠিত এ সড়ক নেটওয়ার্ক সংরক্ষণ ও মেরামত এবং সম্প্রসারণ ও উন্নয়নে মুখ্য ভূমিকা পালন করে আসছে।

১৮ কিলোমিটার দীর্ঘ খুরুস্কুল-চৌফলদাঙ্গী-ঈদগাঁও সড়কটি একটি জেলা সড়ক। পর্যটন শহর কক্সবাজারের অত্যন্ত নিকটে হওয়া সত্ত্বেও এ সড়কের ৯ম কিলোমিটারে চৌফলদাঙ্গী চ্যানেলের উপর একটি সেতুর অভাবে অতিরিক্ত ২২ কিলোমিটার পথ ঘুরে জনসাধারণকে কক্সবাজার পৌঁছাতে হত। ফলে এ চ্যানেলের উপর একটি সেতু নির্মাণ ছিল জনগণের দীর্ঘদিনের প্রত্যাশা। বিগত ২০০৪ সালে সেতুটির নির্মাণ কাজ শুরু হয়। কিন্তু শুধু ৬টি পিয়ার ও ১টি এ্যাভাটমেন্ট নির্মাণের পর সেতুর নির্মাণ কাজ বন্ধ হয়ে যায়। বর্তমান সরকার এ অঞ্চলের জনগণের প্রত্যাশা পূরণে ২০১০ সালে সেতুটির নির্মাণ কাজ সমাপ্ত করার উদ্যোগ নতুনভাবে গ্রহণ করে।

কক্সবাজার শহর হতে মাত্র ১১ কিলোমিটার দূরে অবস্থিত এ সেতু নির্মাণের ফলে পর্যটন সুবিধা আরো বিস্তৃত হবে এবং সারাদেশসহ এ অঞ্চলের মানুষের কক্সবাজার যাতায়াত সহজতর ও সংক্ষিপ্ত হবে। এছাড়া এ অঞ্চলের উৎপাদিত লবণ এবং সামুদ্রিক মাছ পরিবহন ও বাজারজাতকরণে সেতুটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সর্বোপরি, সেতুটি এ অঞ্চলের মানুষের জীবনমান উন্নয়নের পাশাপাশি পর্যটন নগরী কক্সবাজারের উন্নয়ন পরিকল্পনায় সহায়ক ভূমিকা রাখবে।



চৌফলদাঙ্গী সেতু



গার্ডার ও পিয়ার



ক্যারেজওয়ে

প্রকল্পের নাম	:	খুরুস্কুল-চৌফলদাঙ্গী-ঈদগাঁও সড়কের ৯ম কিলোমিটারে চৌফলদাঙ্গী চ্যানেলের উপর ৩৪৭.৪৬ মিটার দীর্ঘ চৌফলদাঙ্গী সেতু নির্মাণ
সেতুর নাম	:	চৌফলদাঙ্গী সেতু
প্রকল্প বাস্তবায়নকারী	:	সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রকল্প ব্যয়	:	১৭৯৮.৮২ লক্ষ টাকা
অর্থায়নে	:	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্মাণ প্রতিষ্ঠান	:	মেসার্স মেজবাহ এসোসিয়েটস্
সেতুর ধরণ	:	প্রি-স্ট্রেসড কনক্রিট গার্ডার সেতু
স্প্যান সংখ্যা	:	৮
সেতুর দৈর্ঘ্য	:	৩৪৭.৪৬ মিটার
গার্ডার সংখ্যা	:	৪০
সেতুর প্রস্থ	:	৯.৫০ মিটার
ক্যারেজওয়ের প্রস্থ	:	৭.৫০ মিটার
ফুটপাথের প্রস্থ	:	১ মিটার (প্রতি পার্শ্বে)
এ্যাভোচ সড়ক	:	খুরুস্কুল প্রান্ত ২২০ মিটার চৌফলদাঙ্গী প্রান্ত ১২০ মিটার
পিয়ার সংখ্যা	:	৭
এ্যাভাটমেন্ট সংখ্যা	:	২
ফাউন্ডেশনের ধরণ	:	কাস্ট-ইন-সিটু আরসিসি পাইল
ফাউন্ডেশনের গভীরতা	:	২৫.০০ মিটার হতে ৩৪.৫০ মিটার
ডেক স্লাবের ধরণ	:	আরসিসি
গার্ডারের দৈর্ঘ্য	:	৪২.৬৮ মিটার
প্রথম কাজ শুরু	:	১১ মে ২০০৪ খ্রিস্টাব্দ
নতুনভাবে কাজ শুরু	:	২৭ সেপ্টেম্বর ২০১০ খ্রিস্টাব্দ
কাজ সমাপ্ত	:	২৮ জুন ২০১২ খ্রিস্টাব্দ

